

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির এপ্রিল/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সোহেল আহম্মদ ভূঞা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ

স্থানঃ- উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

তারিখ :- ২১/০৪/২০২২খ্রিঃ।

সময়ঃ- বেলাঃ- ১১.০০ ঘটিকা।

আলোচ্য বিষয়ঃ

- ১। বার্ষিক উন্নয়ন কর্মসূচী/জাইকা হতে কৃষি খাতে বরাদ্দকৃত অর্থের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ বিষয়ক আলোচনা।
- ২। রবি মৌসুমে আবাদকৃত ফসলের সমস্যা ও সমাধান বিষয়ক আলোচনা।
- ৩। সারের মজুদ পরিস্থিতি
- ৪। আউশ ধান আবাদ
- ৫। বিবিধ

উপস্থিত সদস্য

স্বাক্ষর

১। চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ, মুড়াপাড়া,	সদস্য	স্বাক্ষরিত
২। চেয়ারম্যান, ভুলতা ইউনিয়ন পরিষদ, ভুলতা	সদস্য	"
৩। চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ	সদস্য	"
৪। উপজেলা কৃষি অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।	সদস্য সচিব	"

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সদস্য সচিবকে আলোচ্য সূচী উপস্থাপনসহ আলোচনা করার আহবান জানান।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভাকে জানান যে, বর্তমানে বাংলাদেশ কৃষি খাতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। নতুন নতুন ফসলের জাত ও প্রযুক্তি বিষয়ে কৃষকদের প্রশিক্ষণের মাধ্যমে সম্প্রসারিত করা প্রয়োজন। কৃষি উপকরণ সরবরাহ এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জৈব বা কম্পোস্ট সার উৎপাদন বাড়ানো ফলে মাটির স্বাস্থ্য রক্ষা পাবে অন্য দিকে রাসায়নিক সারের ব্যবহার কমবে। আউশধান আবাদ নিশ্চিত করণ। গ্রীষ্মকালীন সবজি আবাদ চলমান বোরো ধানের কর্তন শীঘ্রই আরম্ভ হবে। বোরো ধান ঠিকমত কর্তন করে ঘরে তোলায় জন্য কৃষকদের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

অতপর সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। তারা মত প্রকাশ করেন যে, এ বৎসর অর্থাৎ ২০২১- ২২ অর্থ বছরে কৃষিখাতে এডিপি'র/জাইকার অর্থায়ন বৃদ্ধি করা প্রয়োজন। কৃষকদের উদ্বুদ্ধকরণ, উপকরণ সরবরাহ এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সচেতন করা সম্ভব। কাজেই এ বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।

সিদ্ধান্তঃ- সভায় সর্বসম্মতি ক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। এডিপির অর্থায়নে কৃষক/কৃষাণিদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রস্তাব গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সোহেল আহম্মদ ভূঞা)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং ১৬৪


তারিখঃ ২১/০৪/২০২২খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ।

২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৩। অফিস কপি।



উপজেলা কৃষি অফিসার

ও



সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

“পরিশিষ্ট ক”

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ

ক্রমিক নং	উপস্থিত সদস্য	পদবী	স্বাক্ষর
০১	চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ, মুড়াপাড়া	সদস্য	
০২	চেয়ারম্যান, ভুলতা ইউনিয়ন পরিষদ, ভুলতা	সদস্য	
০৩	চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ	সদস্য	
০৪	উপজেলা কৃষি অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ	সদস্য সচিব	